সত্যের সন্ধানে নির্ভীক
যুগান্তর
THE DAILY JUGANTOR
www.jugantor.com






# সিডিআরসি ও এমফোরসির এগ্রো ইনপুট কোম্পানি মিট অনুষ্ঠিত

চরাঞ্চলের কৃষি খাতের সম্ভাবনাকে তুলে ধরতে সিডিআরসি ও এমপোরসির প্রকল্পের যৌথ উদ্যোগে ৩০ জুলাই ঢাকার এ্যাসকোট প্যালেসে এগ্রো ইনপুট কোম্পানি মিট অনুষ্ঠিত হয়। সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশনের অর্থায়নে ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে এমফোরসি প্রকল্পটি রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (আরডিএ) এবং সুইসকন্ট্যাক্ট যৌথভাবে বাস্তবায়ন করছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আরডিএ'র মহাপরিচালক ডক্টর এমএ মতিন। সভাপতিত্ব করেন সিডিআরসি এবং এমফোরসির প্রকল্প পরিচালক ড. মো. আবদুর রশীদ। এমফোরসি প্রকল্পের টিম লিডার সুব্রত কুমার কুন্ডু ও সুইজারল্যান্ড দূতাবাসের সিনিয়র প্রোগ্রাম অফিসার সায়েদা জিনিয়া রশিদ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।